

বিস্তারিত

১৬ জুলাই ২০১৮ তারিখ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, সেন্টার ফর ইনফরমেশন এবং অক্সফাম-ঢাকা এর যৌথ উদ্যোগে Information Culture বিষয়ে জাতীয় আরকাইভস ভবনের সম্মেলন কক্ষে এক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়ার Monash University এর প্রফেসর Dr. Khadija Viviane Hessami। ওয়ার্কশপে সভাপতিত্ব করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব দিলীপ কুমার সাহা। ওয়ার্কশপে উপস্থিত ছিলেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব নিতাই পদ দাস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক জনাব মুহাম্মদ মেজবাহ্-উল-ইসলামসহ গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে বিভিন্ন পেশাজীবী, শিক্ষক, ছাত্র/ছাত্রী এবং অত্র অধিদপ্তরের কর্মকর্তাগণ।